# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 15-01-2025 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ–

১/ উত্তর দিনাজপুরের রায়গঞ্জের গোয়ালপোখরের পাঞ্জিপাড়ায় পুলিশের ওপর গুলি চালিয়ে একজন আসামি পালিয়ে যাওয়ায় তীব্র চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।

# দুজন আসামিকে নিয়ে পুলিশের গাড়ি যখন ইসলামপুর আদালত থেকে রায়গঞ্জ জেলে ফিরছিল, তখনই এই হামলা ঘটে।

২/ প্রসূতি মৃত্যুর তদন্তে আজ ফের মেদিনীপুর মেডিকেল কলেজে গেছে CID।

# কলকাতার SSKM হাসপাতালে ভর্তি তিন প্রসূতির অবস্থা এখনো উদ্বেগজনক।

# রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী স্বাস্থ্যমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী, স্বাস্থ্য সচিব ও মেদিনীপুর কলেজ সুপারের গ্রেপ্তারের দাবী করেছেন।

৩/ সরকারি চিকিৎসক এবং শিক্ষক চিকিৎসকদের প্রাইভেট প্র্যাকটিসে লাগাম টানতে রাজ্য সরকার ফের উদ্যোগী হয়েছে।

৪/ স্কুল সার্ভিস কমিশনের ২৬ হাজার চাকরিতে নিয়োগে অনিয়মের তদন্ত গুরুত্ব দিয়ে করা হয়নি বলে চাকরিচ্যুতদের পক্ষ থেকে আজ সুপ্রিম কোর্টে দাবি করা হয়েছে।

৫/ রেশন দুর্নীতি মামলায় রাজ্যের প্রাক্তন মন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিক জামিন পেয়েছেন।

৬/ যথোচিত মর্যাদায় ভারতীয় সেনা বাহিনীর পূর্বাঞ্চলীয় কম্যান্ডে আজ ৭৭-তম সেনা দিবস পালিত হচ্ছে।

**********************************************************************

উত্তর দিনাজপুরের রায়গঞ্জের গোয়ালপোখরের পাঞ্জিপাড়ায় পুলিশের ওপর গুলি চালিয়ে একজন আসামি পালিয়ে যাওয়ায় তীব্র চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। দুজন আসামিকে নিয়ে পুলিশের গাড়ি যখন ইসলামপুর আদালত থেকে রায়গঞ্জ জেলে ফিরছিল, তখনই এই হামলা ঘটে। গুলিবিদ্ধ দুই পুলিশ কর্মী নীলকান্ত সরকার ও দেবেন বৈশ্য, দুজন আসামিকে নিয়ে আজ সন্ধ্যায় ইসলামপুর আদালত থেকে রায়গঞ্জে ফিরে যাওয়ার সময় কিছুক্ষণের জন্য পাঞ্জিপাড়ায় দাঁড়ান। তখনি পুলিশের ওপর হামলা হয় বলে আমাদের উত্তর দিনাজপুরের সংবাদদাতা জানিয়েছেন।

আহত পুলিশ কর্মীদের ইসলামপুর মহকুমা হাসপাতালে নিয়ে যাওয়া হয়। পরে সেখান থেকে তাদের উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ হাসপাতালে রেফার করা হয়েছে।

এপ্রসঙ্গে জেলার ইসলামপুর পুলিশ জেলার সুপার জোবি থমাস জানিয়েছেন, কি করে এই ঘটনা ঘটল, তা' তদন্ত করে দেখা হচ্ছে।

**********************

মেদিনীপুর মেডিকেল কলেজ হাসপাতালে প্রসূতি মৃত্যুর তদন্তে সিআইডি কর্তারা আজ মেদিনীপুর মেডিক্যাল কলেজে যান। এদিন দুপুরে হাসপাতালে হাজির হয়ে প্রথমে তাঁরা মেডিক্যালের কর্তাদের সঙ্গে কথা বলেন। পরে প্রসূতি ও শিশু বিভাগ "মাতৃমা"-তে তদন্তে যান। মৃত মামনি রুইদাসের স্বামী ও পরিবারের লোকজনের সঙ্গেও কথা বলেন তদন্তকারীরা।

**********************

মেদিনীপুর মেডিক্যাল কলেজে নিম্নমানের স্যালাইন দেওয়ার কারণে অসুস্থ হয়ে পড়া তিন প্রসূতির অবস্থা এখনও উদ্বেগজনক। এই মুহূর্তে তাঁরা এসএসকেএম হাসপাতালে চিকিৎসাধীন। তবে মেডিক্যাল বোর্ডের পরামর্শ মেনে তাঁদের চিকিৎসা চলছে বলে হাসপাতাল সুপার মণিময় বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন। তিনি জানান, ওই প্রসূতিদের মধ্যে ২ জন সিসিইউ এবং একজন আইটিইউতে ভর্তি হয়েছিলেন।

**********************

মেদিনীপুর মেডিকেল কলেজ হাসপাতালে প্রসূতি মৃত্যুর ঘটনার প্রেক্ষিতে সরকারি চিকিৎসক এবং শিক্ষক চিকিৎসকদের প্রাইভেট প্র্যাকটিসে লাগাম টানতে রাজ্য সরকার ফের উদ্যোগী হয়েছে। এদের মধ্যে যারা প্রাইভেট প্র্যাকটিস করতে চান তাদের ৩১ শে জানুয়ারির মধ্যে নো অবজেকশন সার্টিফিকেটের আবেদন জানাতে রাজ্যের স্বাস্থ্য দপ্তর নির্দেশ দিয়েছে। পদ্ধতি মেনে তাদের রাজ্যের স্বাস্থ্য অধিকর্তা অথবা স্বাস্থ্য শিক্ষা অধিকর্তার কাছে আবেদন জানাতে হবে।

**********************

বিজেপি, প্রসূতি মৃত্যু ও স্যালাইন কাণ্ডে রাজ্যের স্বাস্থ্যমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী, স্বাস্থ্য সচিব এবং মেদিনীপুর মেডিকেল কলেজের সুপারের বিরুদ্ধে আজ ইলেক্ট্রনিক্স কমপ্লেক্স থানায় অভিযোগ দায়ের করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর উপস্থিতিতে বিধায়ক অসীম বিশ্বাস এই অভিযোগ দায়ের করেন। পরে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বিরোধী দলনেতা স্বাস্থ্যমন্ত্রী, স্বাস্থ্য সচিব ও মেদিনীপুর মেডিকেল কলেজের সুপারকে গ্রেপ্তারের দাবি জানান।

( বাইট- শুভেন্দু )

পরে বিরোধী দলনেতার নেতৃত্বে বিজেপি বিধায়কদের প্রতিনিধি দল স্বাস্থ্য ভবনে গিয়ে আধিকারিকদের সঙ্গে দেখা করেন।

**********************

এদিকে মেদিনীপুর মেডিকেল কলেজ হাসপাতালের ঘটনায় জুনিয়ার ডাক্তারদের বলির পাঁঠা করা হচ্ছে বলে ওই হাসপাতালের রেসিডেন্ট ডাক্তারদের সংগঠনের তরফে অভিযোগ করা হয়েছে। অগণিত শূন্য পদ, দুর্নীতি থেকে নজর ঘোরাতেই জুনিয়ার ডাক্তারদের ওপর দোষারোপের চেষ্টা করা হচ্ছে বলে তাদের অভিযোগ।

**********************

রাজ্যপাল সি ভি আনন্দ বোস আজ পূর্ব বর্ধমানের আউশগ্রামে 'আমার গ্রাম' কর্মসূচীতে অংশ নেন। আদিবাসী অধ্যুষিত শোকাডাঙা গ্রামে গিয়ে সেখানকার মানুষজনের সঙ্গে কথা বলেন তিনি। ঘুরে দেখেন তাঁদের তৈরী হস্তশিল্প সামগ্রীও।

রাজ্যপাল বলেন, প্রধানমন্ত্রী আদিবাসীদের উন্নয়নে প্রতিশ্রুতিবদ্ধ। রাজ্যপাল হিসেবে মানুষের কল্যাণ নিশ্চিত করাই তাঁর কর্তব্য। আদিবাসী উন্নয়ন সংস্থা- ট্রাইফেড এবং বর্ধমান জুট বেস্‌ড গার্মেন্টস কো-অপারেটিভ ইন্ডাস্ট্রিয়াল সোসাইটির যৌথ উদ্যোগে 'আমার গ্রাম' কর্মসূচীর আয়োজন করা হয়।

**********************

স্কুল সার্ভিস কমিশনের ২৬ হাজার চাকরিতে নিয়োগে অনিয়মের তদন্ত গুরুত্ব দিয়ে করা হয়নি বলে চাকরিচ্যুতদের পক্ষ থেকে আজ সুপ্রিম কোর্টে দাবি করা হয়েছে। প্রধান বিচারপতি সঞ্জীব খান্না ও বিচারপতি সঞ্জয় কুমারের ডিভিশন বেঞ্চে আজ এই মামলার শুনানি হয়।

চাকরি হারানো মামলাকারীদের আইনজীবীর দাবি, তদন্তে যোগ্য ও অযোগ্যদের আলাদা করা হয়নি। গুরুত্ব দিয়ে তদন্ত'ও করা হয়নি।

আইনজীবী মুকুল রোহতগীর দাবি, আসল উত্তরপত্র বা OMR শিট এখনো পাওয়া যায়নি। অন্যদিকে যোগ্য প্রার্থীদের একাংশের আইনজীবী কপিল সিব্বল প্রশ্ন তোলেন, আসল OMR সিট যদি না থাকে তাহলে কারচুপির অভিযোগ কি করে তোলা হচ্ছে ?

দু'পক্ষের বক্তব্য শোনার পর ২৭ জানুয়ারি পরবর্তী দিন ধার্য করা হয়েছে।

**********************

স্বাস্থ্য পরিষেবায় সেবাশ্রয় প্রকল্প দৃষ্টান্ত স্থাপন করেছে বলে তৃণমূল কংগ্রেসের সাধারন সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় দাবী করেছেন। আজ নিজের সংসদীয় আসন ডায়মণ্ডহারবারের ফলতার জোড়া বটতলায় একটি অনুষ্ঠানে যোগ দিয়ে অভিষেক বলেন, এই স্বাস্থ্য কর্মসূচির অধীনে মাত্র ১৪ দিনে স্বাস্থ্য সুবিধা পেয়েছেন ২ লক্ষ ৭০ হাজারের বেশি মানুষ। শুধুমাত্র ফলতাতেই গত তিনদিনে প্রতিদিন ১৩ থেকে ১৪ হাজার মানুষ শিবিরে এসেছেন। প্রতিদিন গড়ে ৩০০-৩৫০ জন সেবাশ্রয় শিবিরে প্রদত্ত পরিষেবা থেকে উপকৃত হয়েছেন।

**********************

মহাকুম্ভের বছরেও সাগরমেলায় রেকর্ড মানুষের ভিড় হয়েছে বলে দাবি করেছে রাজ্য সরকার। আজ বিকেল পাঁচটা পর্যন্ত ১ কোটি ১০ লক্ষ পুণ্যার্থী সমাগম সাগরে হয়েছে বলে জানিয়েছেন মন্ত্রী অরুপ বিশ্বাস।

একটি প্রতিবেদন- ( ভিসি- গৌতম )

**********************

রেশন দুর্নীতি মামলায় রাজ্যের প্রাক্তন মন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিক জামিন পেয়েছেন। ইডি–র মামলায় প্রাক্তন মন্ত্রীকে শর্তাধীন জামিন দিয়েছে আদালত। সূত্রের খবর, তদন্তকারী আধিকারিকদের সহযোগিতা, বিচারপ্রক্রিয়ায় নিয়মিত উপস্থিত থাকা, সাক্ষীদের প্রভাবিত না করার মতো শর্ত রাখা হয়েছে।

**********************

দক্ষিণ শহরতলীর বাঘাযতীন এলাকার বিদ্যাসাগর কলোনিতে গতকাল চারতলা একটি ফ্ল্যাট বাড়ি হেলে যাওয়ার ঘটনার পর আজ সকালে ফের কলকাতা পুরসভার পক্ষ থেকে সেটি ভাঙার কাজ শুরু হয়েছে। গতকালের পর আজ'ও ঘটনাস্থলে যান স্থানীয় বিধায়ক, পুরসভার মেয়র পারিষদ দেবব্রত মজুমদার। বাম আমলে জলাজমি ভরাট করে ফ্ল্যাট বাড়িটি বেআইনিভাবে নির্মিত হয়েছিল বলে তিনি অভিযোগ করেন। ওই বাড়ির ৮ বাসিন্দা ও লিফটিং-এর দায়িত্বপ্রাপ্ত সংস্থার বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে।

**********************

মালদার কালিয়াচকের নয়া বস্তি এলাকায় দুষ্কৃতী হামলায় এক তৃণমূল কংগ্রেস কর্মী হাসা শেখের মৃত্যুর ঘটনায় জড়িত সন্দেহে আজ একজনকে গ্রেপ্তার করা হয়েছে। ধৃত আমির হামজা, ঘটনার অন্যতম অভিযুক্ত জাকির শেখের ঘনিষ্ঠ। ধৃত আমির হামজাকে আজ আদালতে পেশ করা হলে ১০ দিনের পুলিশ হেফাজত মঞ্জুর করা হয়েছে।

**********************

৭৭-তম আর্মি ডে বা সেনা দিবস স্মরণে ভারতীয় সেনাবাহিনীর পূর্বাঞ্চলীয় কমান্ডের প্রধান কার্যালয় ফোর্ট উইলিয়ামে আজ এক বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে ইস্টার্ন কমান্ডের GOC ইন সি লেফটেন্যান্ট জেনারেল রাম চন্দর তিওয়ারি বিজয় স্মারকে পুষ্পস্তবক দিয়ে বীর শহীদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন। এই উপলক্ষে সেনার ১৬টি ইউনিটকে চিফ অফ দ্যা আর্মি স্টাফ ইউনিট সাইটেশন এবং ৪৫টি ইউনিটকে GOC ইন সি, ইস্টার্ন কমান্ড ইউনিট সাইটেশন প্রদান করা হয়েছে।

**********************

সপ্তম জাতীয় নাট্যোৎসব শুরু হচ্ছে আগামী ১৮ ই জানুয়ারি। চলবে ২৬ শে জানুয়ারী পর্যন্ত। রাজ্য সরকারের তথ্য সংস্কৃতি দপ্তরের মিনার্ভা নাট্য সংস্কৃতি চর্চা কেন্দ্রের উদ্যোগে মধুসূদন মঞ্চে এই উৎসবের সূচনা হবে। মিনার্ভা নাট্য সংস্কৃতি চর্চা কেন্দ্রের চেয়ারম্যান তথা শিক্ষা মন্ত্রী ব্রাত্য বসু জানিয়েছেন, রাজ্যের সাতটি এবং ভিন রাজ্যের ১০ টি নাট্য দল উৎসবে অংশ নিচ্ছে।

**********************

যাদবপুরের কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে আজ সন্ধ্যায় আইএসএলের ম্যাচে মহামেডান স্পোর্টিং, চেন্নাইয়িন এফসির মুখোমুখি হয়েছে।

শেষ পাওয়া খবরে, চেন্নাইয়ান এফ সি এক/ শূণ্য গোলে এগিয়ে রয়েছে।

*******************************************************************